দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 23 1999
পৃঃ ৪ কলাম ১

# কারিগরি শিক্ষা বোর্ড চেয়ারম্যান সমীপে

বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী (বি,আই,এম,টি)-তে চালু ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সটি তিন বৎসর মেয়াদী। ইহা ছয় সেমিষ্টারে বিভক্ত। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ শুধু পঞ্চম ও ষষ্ঠ সেমিষ্টার পরীক্ষা নিয়া সার্টিফিকেট প্রদান করিয়া থাকেন। বাকি চার সেমিষ্টার পরীক্ষার ফলাফল সার্টিফিকেট অর্জনের ক্ষেত্রে কোন কাজে লাগে না। ফলে পরবর্তী পর্যায়ে বিদেশে কোন উচ্চতর ডিগ্রী অর্জনের সুযোগ থাকিলেও এ কারণে অসুবিধার সৃষ্টি হয়। ইহাছাড়াও দুঃখজনক ব্যাপার হইল, বর্তমানে অত্র কোর্সের যে সিলেবাসটি অনুসরণ করা হয়, তাহা পুরাতন প্রযুক্তি নির্ভর এবং প্রয়োজনীয় কিছু বিষয় অনুপস্থিত। যাহার ফলে ছাত্ররা নূতন প্রযুক্তিগত শিক্ষা ও জ্ঞানার্জন হইতে বঞ্চিত হইতেছে। আর তাই ইহার জন্য যুগোপযোগী নূতন সিলেবাস প্রণয়ন একান্ত প্রয়োজন। পুরাতন সিলেবাসের কারণে কম্পিটেন্সি পরীক্ষায় অংশগ্রহণে বিঘ্ন ঘটিতেছে। অধিকন্তু বোর্ড কর্তৃক যে মার্কশীট ও সার্টিফিকেট প্রদান করা হয়, তাহা বাংলায়। মেরিন ডিপ্লোমাধারিগণের ৭০-৮০% বিদেশে বিভিন্ন ক্ষেত্রে কর্মরত আছেন। তাই এক্ষেত্রে ইংরেজীতে সনদ আবশ্যকীয়। তাহাছাড়া বাংলায় সনদ যেহেতু পরবর্তী সময়ে ভাষান্তরের প্রয়োজন হয়, তাই একবারেই কর্তৃপক্ষ ইংরেজী সনদ প্রদান করিলে শিক্ষার্থীদের আর দুর্ভোগ পোহাইতে হয় না। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়গুলি সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মোঃ জহিরুল হক,**
বি,আই,এম,টি ছাত্রাবাস,
নারায়ণগঞ্জ-১৪১৩।